

প্রকৃতিবার্জ

৩য় বর্ষ ১ম সংখ্যা জানুয়ারি ২০১৬ পৌষ ১৪২২



PROKRITI O JIBON
FOUNDATION



ড. ইনামুল হক সোনার চরের লাল কাঁকড়া

ভোঁলার দক্ষিণ আইচা থানার অদূরে চর কচ্ছপিয়ায় ছোট লঞ্চ ঘাটটিতে তখনো মানুষের হাক-ডাক শুরু হয়নি। নভেম্বরের শেষ সপ্তাহে সকাল আটটায় এক হাইএস মাইক্রোতে ভোলা শহর হতে আমরা ৬ জন ঘাটে পৌঁছালাম। আমরা মানে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের জীববৈচিত্র্যের প্রফেসর ড. মোস্তফা আলী রেজা হোসেন, প্রফেসর ড. কানিজ ফাতেমা, আইইউসিএন রেড লিস্ট প্রকল্পের সেলিনা সুলতানা, মোহাম্মদ নোমান, গাইড ভোলার এনটিভির সাংবাদিক আফজাল হোসেন আর আমি।

গন্তব্য মেঘনা নদীর অববাহিকায় পটুয়াখালীর সোনার চর। উদ্দেশ্য কাঁকড়ার জীববৈচিত্র্যের অনুসন্ধান। বিশেষত লাল কাঁকড়ার দেখা পাওয়া আমাদের টিম গত ২দিনে চর কুকড়ি-মুকড়ি ও চর গঙ্গামতির কোলঘেঁষে অনুসন্ধান করে কিছু কাঁকড়ার নমুনা সংগ্রহ করলেও লাল কাঁকড়ার দেখা পায়নি। এদেশে প্রায় ২০ প্রজাতির কাঁকড়া রয়েছে বলে ধারণা করা হয়। এদের ভেতর ৬ প্রজাতি মিঠাপানির ও বাকি ১২ থেকে ১৪ প্রজাতি লোনাপানির।

